তারিখ 13 AUG 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক আমাদের সময়

# ধর্মপাশায় প্রাথমিকের ১৬২ শিক্ষকের পদ শূন্য

সাজিদুল হক, ধর্মপাশা ✱

হাওরবেষ্টিত সুনামগঞ্জের ধর্মপাশা উপজেলায় ১৯২ প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৬২ শিক্ষকের পদ শূন্য রয়েছে দীর্ঘদিন ধরে। সরকারি ৯৮ প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৯৪ শিক্ষকের পদ শূন্য এবং নবঘোষিত সরকারি ৯০ প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬৮ শিক্ষকের পদ শূন্য আছে। দীর্ঘদিন ধরে বিদ্যালয়গুলোতে শিক্ষক শূন্য থাকায় পাঠদান কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলায় ১৯২ প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় ৯৮ ও নবঘোষিত সরকারি প্রাথমিক বিদ্যালয় ৯০টি। ১৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্পের আওতায় ৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়। ৯৮ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে ২৬ ও সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে ৬৮টি। নবঘোষিত সরকারি ৯০ প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে ৩৪ ও সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে ৩৪টি।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার দায়িত্বে থাকা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ সাজ্জাদ বলেন, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক সংকটের বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। শিক্ষক সংকটের বিষয়টি খুব দ্রুত সমাধান করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
প্রোঃ, পরিসংখ্যান বিভাগ
প্রোঃ, ডি.এম.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর